

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০০]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ ইলা কিভাবে উঠিয়ে নেয়া হবে?

باب كَيْفَ يُقْبَضُ الْعِلْمُ

আরবী

الله عَنْ عَبْدِ اللّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ رَضِيَ الله عَنْهُمَا قَالَ: سَمِعْتُ رَسُولَ اللّهِ يَقُولُ إِنَّ اللّهَ لَا يَقْبِضُ الْعِلْمَ الْتِزَاعًا يَنْتَزِعُهُ مِنَ الْعِبَادِ، وَلَكِنْ يَقْبِضُ الْعِلْمَ بِقَبْضِ الْعُلَمَاءِ، وَلَكِنْ يَقْبِضُ الْعِلْمَ بِقَبْضِ الْعُلَمَاءِ، حَتَّى إِذَا لَمْ يُبْقِ عَالِمًا اتَّخَذَ النَّاسُ رُءُوسًا جُهَّالاً، فَسُئِلُوا، فَأَفْتُوا بِغَيْرِ عِلْمٍ، فَضَلُّوا وَأَضَلُّوا. (بخارى: اللهَا

বাংলা

৮৬) আব্দুল্লাহ ইবনে আমর বিন আস্ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছিঃ আল্লাহ তাআলা মানুষের অন্তর থেকে ইল্মকে টেনে বের করে নিবেন না; বরং আলেমদের মৃত্যুর মাধ্যমে ইল্ম উঠিয়ে নিবেন। এমনকি যখন কোন আলেম অবশিষ্ট থাকবে না তখন লোকেরা মূর্খদেরকে নেতা হিসাবে গ্রহণ করবে। তাদেরকে কোন মাসআলা সম্পর্কে জিজ্ঞেস করা হলে বিনা ইলমেই ফতোয়া দিবে। ফলে তারা নিজেরা গোমরাহ হবে এবং মানুষদেরকেও গোমরাহ করবে।

টিকাঃ এখানে শিক্ষক ও উসূল ভিত্তিক ইলোর গুরুত্ব বুঝানো হয়েছে। কেননা বই-পুস্তক তো বেড়েই চলছে। অপর দিকে ইলোর মহা সঙ্কট বেড়েই চলছে। শুধু যোগ্য আলেম ও মূলনীতির সদ্যবহারের অভাবে এই অবস্থার সৃষ্টি হয়েছে। কথায় বলেঃ من خرم الأصول فقد خرم الوصول অর্থাৎ বই-পুস্তক হয় যার শিক্ষক, ভুল হয় তার বেশী এবং সঠিক হয় কম। আরেক নীতি বাক্যে রয়েছে للوصول হয় হারিয়েছে, সে মূল লক্ষ্য ভ্রষ্ট হয়েছে।

English

How the (religious) knowledge will be taken away

Narrated `Abdullah bin `Amr bin Al-`As:



I heard Allah's Messenger () saying, "Allah does not take away the knowledge, by taking it away from (the hearts of) the people, but takes it away by the death of the religious learned men till when none of the (religious learned men) remains, people will take as their leaders ignorant persons who when consulted will give their verdict without knowledge. So they will go astray and will lead the people astray."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১০১ ইসলামিক সেন্টারঃ ৯৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন